# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/১৪৩০

তারিখঃ ০৩/০৬/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫১৯ তম কমিশন সভা অদ্য ০৩/০৬/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এছাড়াও গত ০২.০৬.২০১৪ ইং তারিখে WATA Chamicals Ltd. এর শেয়ারের দর অস্বাভাবিক বৃদ্ধির বিষয়ে কমিশনের নিম্নোক্ত ০২ (দুই) জন কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয় ঃ

ক) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম পরিচালক, বিএসইসি; এবং
খ) জনাব আবুল কালাম আজাদ, উপ-পরিচালক, বিএসইসি।

কমিটি আগামী ১০ (দশ) দিনের মধ্যে কমিশনের নিকট রিপোর্ট দাখিল করবে।

২. ভেঞ্চার ক্যাপিটাল ও প্রাইভেট ইক্যুইটি সংক্রান্ত বিধি বিধান প্রণয়নের জন্য কমিশনের নিম্নোক্ত ০৩ (তিন) জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয় ঃ

ক) জনাব মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, আহ্বায়ক
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, সদস্য এবং
গ) জনাব মোঃ কাওসার আলী, উপ-পরিচালক, সদস্য সচিব।

কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে কমিশনের নিকট প্রাথমিক রিপোর্ট দাখিল করবে।

৩. Western Marine Shipyard Limited (WMSL) এর ৩৫ টাকা মূল্যমানের ৪.৫০ কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি শেয়ার ২৫ টাকা প্রিমিয়ামসহ) প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৫৭.৫০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক ঋণ পরিশোধ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। WMSL এর ৩০শে জুন ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাবসহ বিগত পাঁচ বছর অনুযায়ী (Weighted Average) শেয়ার প্রতি আয় (EPS) ৩.৮৭ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৪০.২৭ টাকা (পুনঃ মূল্যায়িত)। উল্লেখ্য, WMSL এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Prime Finance Capital Management Limited, ICB Capital Management Limited এবং EC Securities Limited।

৪. Jalalabad Securities Limited (CSE TREC No. # 104) -এ কমিশনের পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয় ঃ

ক) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ক্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;

উপরোক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Jalalabad Securities Limited -কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Akij Securities Limited -এ কমিশনের পরিদর্শনের নিমিত্ত গঠিত দল কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখিত হয় ঃ

ক) গ্রাহকের নিকট থেকে চেকে অর্থ না নিয়ে ৫ লক্ষ টাকার উপরে নগদ অর্থ গ্রহণ করে Securities and Exchange Rules, 1987 এর Section 8(1)(cc)(i) ভঙ্গ করে;

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

খ) জুন ৩০, ২০১০ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুযায়ী Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল -এ ঘাটতি (Deficiency) পরিলক্ষিত হওয়ার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর ১ ও ৬ ভঙ্গ করে। কিন্তু কোম্পানী থেকে কমিশনের কারণ দর্শাও নোটিশের উত্তরে জানানো হয় ভূলবশত ২০১০ সালের জুন মাসে উক্ত Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল ছিল না তবে পরবর্তীতে উক্ত ঘাটতি পূরণ করা হয়েছে;

গ) ৩ জানুয়ারী ২০১০ থেকে ১ নভেম্বর ২০১০ সময়কালে ডিলার হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করে শেয়ার লেনদেনের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;

উপরোক্ত ক্রমিক নং ক, খ ও গ এর মাধ্যমে সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের কারনে কমিশন আজকের সভায় Akij Securities Limited -কে ১০.০০ (দশ) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও ক্রমিক নং- খ এর Consolidated Customer Account-এ ৩০ শে জুন ২০১৩ ইং তারিখে ইতিমধ্যে সংশোধনের মাধ্যমে যথাযথ তহবিল রয়েছে মর্মে কোম্পানীর বক্তব্য সঠিক কিনা তা অনুসন্ধান করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড -কে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছে।

৬. Grameen Capital Management Limited সর্বোচ্চ ১০০ বিনিয়োগকারীর স্থলে একটি একাউন্টের মাধ্যমে ১৯৮ জন বিনিয়োগকারীকে Yeakin Polymer Limited এর প্লেসমেন্ট শেয়ার বরাদ্দ দেয়ার মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/114/Admin/28 তারিখঃ October 02, 2011 ভঙ্গের জন্য Grameen Capital Management Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও ১৯৮ জন বিনিয়োগকারীর প্লেসমেন্ট শেয়ার Grameen Capital Management Limited এর নিজ হিসাবে বরাদ্ধ গ্রহনের নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। একই সাথে নির্দেশ পরিপালনের প্রামানিক দলিল কমিশনে যথাশীঘ্রই দাখিলেরও নির্দেশ প্রদান করা হয়।

৭. Yeakin Polymer Limited সর্বোচ্চ ১০০ বিনিয়োগকারীর স্থলে একটি একাউন্টের মাধ্যমে ১৯৮ জন বিনিয়োগকারীকে প্লেসমেন্ট শেয়ার বরাদ্দ দেয়ার মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2009-193/114/Admin/28 তারিখঃ October 02, 2011 ভঙ্গের জন্য Yeakin Polymer Limited -কে ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করা হয়।

৮. সভায় এলআর গ্লোবাল বাংলাদেশ এ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ এর ব্যবস্থাধীনে পরিচালিত LRGB Unit Fund এর টার্গেট সাইজ এর ৯০% সাবক্রিপশন অর্থ একই সম্পদ ব্যবস্থাপক এলআর গ্লোবাল পরিচালিত একাধিক ফান্ড/স্কীম থেকে সংগৃহীত হয়েছে যা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর পঞ্চম তফসিল [বিধি ৫৬ দ্রষ্টব্য] বিনিয়োগে বাধা-নিষেধ এর ধারা ৭ এর পরিপন্থী বিবেচিত হওয়ায় উক্ত ফান্ড গঠন কমিশন কর্তৃক অনুমোদিত হয়নি। এমতাবস্থায় চাঁদা প্রদানকারীগনের নিকট থেকে সংগৃহীত সমুদয় অর্থ বিধিমালা অনুযায়ী ফেরত প্রদান করতে নির্দেশনা প্রদান করা হল এবং ভবিষ্যতে এধরনের কার্যের পুনরাবৃত্তি যাতে না ঘটে সে বিষয়ে এলআর গ্লোবাল বাংলাদেশ এ্যাসেট ম্যানেজমেন্ট কোঃ লিঃ কে সতর্ক করা হয়।

০৩/০৬/২০১৪

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd